

া কিয়ামতের ভয়াবহতা ও তারপর

বিভাগ/অধ্যায়ঃ প্রথম অধ্যায়

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

বর্যখের শাস্তি ও সুখ

হে আল্লাহর বান্দা! মৃত্যুর পর থেকে নিয়ে কিয়ামত পর্যন্ত সময়টাকে বলা হয় বর্যখ।

আর আপনি অবশ্যই জানেন যে, আখিরাতের প্রথম মন্যলি হলো কবর। মৃত্যুর পরপরই মৃত ব্যক্তির ওপর ছোট কিয়ামত কায়েম হয়ে যায়। মৃত ব্যক্তিকে কবরস্থ করার পর প্রতি সকালে ও প্রতি বিকালে তাকে তার ঠিকানা দেখানো হয়। যদি সে জাহান্নামী হয় তবে জাহান্নাম দেখানো হয়। যদি জান্নাতী হয়, তাহলে জান্নাত দেখানো হয়। ক্সমানদারের কবরকে প্রশস্ত করে দেওয়া হয়। উত্থান দিবস পর্যন্ত তাকে এভাবে তাকে সুখ-শান্তিতে রাখা হয়। আর যে কাফির তার কবরকে সংকুচিত করে দেওয়া হয়। হাতুরী দিয়ে পিটানো হয়। কবর থেকে উত্থিত না হওয়া পর্যন্ত এ সময়টা হলো বর্যখী জীবন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13502

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন